

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই-এ আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪
এবং জাতীয় প্রবাসী দিবস-২০২৪ উদযাপন

দুবাই, ১৮ ডিসেম্বর ২০২৪ - 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪' এবং 'জাতীয় প্রবাসী দিবস-২০২৪' উপলক্ষ্যে আজ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই-এ এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবসের এবারের প্রতিপাদ্য 'প্রবাসীর অধিকার, আমাদের অঙ্গীকার, বৈষম্যহীন বাংলাদেশ আমাদের সবার'।

আলোচনা সভার প্রারম্ভে আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবস-২০২৪ উপলক্ষ্যে প্রেরিত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান উপদেষ্টা, মাননীয় পররাষ্ট্র উপদেষ্টা এবং মাননীয় স্বরাষ্ট্র উপদেষ্টার বাণীসমূহ পাঠ করে শোনান কনস্যুলেটের কর্মকর্তাবৃন্দ। এছাড়াও, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত এ দিবসের উপর নির্মিত একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

আলোচনা সভায় সভাপতির বক্তব্য রাখেন বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাতের কনসাল জেনারেল জনাব মোঃ রাশেদুজ্জামান। কনসাল জেনারেল তার বক্তব্যে অভিবাসীদের উন্নয়ন এবং দেশের অর্থনীতিতে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন। একই সঙ্গে তিনি অভিবাসীদের সেবা ও কল্যাণ নিশ্চিত কনস্যুলেটের ভূমিকা আরও জোরদার করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। তিনি রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতি ও উন্নয়ন-সমৃদ্ধিতে আরও অবদান রাখার জন্য প্রবাসীদের অনুরোধ জানান। এ সময় দুবাই ও উত্তর আমিরাতে বসবাসরত বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দসহ প্রবাসী বাংলাদেশি নাগরিক, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক ও কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কমিউনিটির পক্ষ থেকে বাংলাদেশ ইঞ্জিনিয়ারস এসোসিয়েশন, ইউএই-এর সভাপতি ইঞ্জিনিয়ার আব্দুস ছালাম খাঁন, বাংলাদেশ প্রেস ক্লাব, ইউএই-এর সভাপতি জনাব মামুনুর রশিদ ও রেমিট্যান্স এ্যাওয়ার্ডি জনাব রিতু শীল বক্তব্য রাখেন।

আলোচনা অনুষ্ঠান-এর পূর্বে প্রবাসীদের সেবা সংক্রান্ত সকল প্রকার তথ্য সহায়তা প্রদানের লক্ষ্যে কনসাল জেনারেল কনস্যুলেট-এর অভ্যন্তরে একটি বিশেষ 'হেল্প ডেস্ক'-এর উদ্বোধন করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই-এর কাউন্সেলর (শ্রম) জনাব মোঃ আব্দুস সালাম।

